



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি :-

ঢাকা বিশ্ববিদ্যালয় :- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

### ১। উপাচার্যের অফিস

উচ্চমান সহকারি-কাম-মুদ্রাক্ষরিক টাঃ-১১০০০-২৬৫৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেডে স্নাতক/স্নাতকোত্তর পাশ হইতে হইবে এবং কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	-----------	--

### ২। বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল

নিম্নমান সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে।
--	-----------	---

### ৩। রোকেয়া হল

নিম্নমান সহকারি টাঃ -৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	২ (দুই) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগসহ স্নাতক/সমমান পাশ হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	------------	---

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ১৫-০২-২০১৮ খ্রিষ্টাব্দ /০৩-১১-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র উপাচার্যের অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের প্রভোস্ট-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র রোকেয়া হলের প্রভোস্ট-এর অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।